দৈনিক ইনকিলাব

0 1 MAR 1989

তারিখ 0 1 MAR 1989
পৃষ্ঠা ... 5 ... 5 ...

## মতামত

# গবেষকদের উচ্চ শিক্ষার বয়ঃসীমা বৃদ্ধি প্রসঙ্গে

বিদেশে উচ্চ শিক্ষা (এমএস/পিএইচডি) নেয়ার জন্য সর্বোচ্চ বয়ঃসীমা ৩৫ বছর নির্ধারিত আছে। কিন্তু বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দের বেলায় গত ২৭ জানুয়ারী ১৯৮৬ইং সরকার কর্তৃক এক সংশোধনী এনে শর্ত সাপেক্ষে বয়ঃসীমা ৩৫ বছর থেকে বাড়িয়ে ৪০ বছর নির্ধারণ করা হয়েছে। ঐ আদেশে গবেষক বা বিজ্ঞানীদের অন্তর্ভুক্ত না করায় শিক্ষক ও গবেষকদের মাঝে বৈষম্য সৃষ্টি হয়ে আছে। এর ফলে অনেক প্রতিভাবান গবেষকের ভাল যোগ্যতা থাকা সত্ত্বেও বয়স বাড়তির সামান্য প্রতিবন্ধকতায় প্রকল্পাধীন বিদেশী সংস্থার অনুদানে উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হওয়ায় হতাশায় ভুগছেন।

উচ্চ শিক্ষার্থে বয়ঃসীমা নির্ধারণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষণা প্রতিষ্ঠানের গবেষক বা বিজ্ঞানীকে আলাদাভাবে দেখানো বা একই নিয়মের আওতায় না রাখার কোন যুক্তিগত কারণ নেই। কেননা একজন গবেষক ও শিক্ষক উভয়ই হয়তো সহপাঠী ছিলেন। সমমানের যোগ্যতা নিয়েও আলাদা আলাদা পেশায় কেউ গেছেন শিক্ষকতায় আর কেউ গেছেন গবেষণা প্রতিষ্ঠানে গবেষক বা বিজ্ঞানী হিসেবে। চাকুরীতে নিয়োগ বা স্থায়ী হওয়ার জন্য উভয় ক্ষেত্রে একই নিয়ম অনুসরণ করা হয়। শিক্ষকদের মত গবেষকদেরও ছাত্র জীবনে সেশনজট, পরীক্ষা পিছিয়ে যাওয়া বা তার ফলাফল ঘোষণা কয়েক বছর পিছিয়ে গেছে। কাজেই এ সকল কারণ দেখিয়ে যেমনিভাবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের উচ্চ শিক্ষার সর্বোচ্চ বয়ঃসীমা ৩৫ বছর থেকে বাড়িয়ে ৪০ বছর করা হয়েছে ঠিক একই নিয়মের আওতায় গবেষক বা বিজ্ঞানীদের বেলায় সমভাবে সমমাপে প্রযোজ্য হওয়া দরকার। পক্ষান্তরে গবেষণা কাজের পাশাপাশি বিজ্ঞ গবেষক বা বিজ্ঞানীরা থিসিস

— ৪ এর পৃষ্ঠায় দেখুন

## মতামত

৫-এর পৃষ্ঠার পর

গ্রুপের এমএস/পিএইচডি ছাত্র-ছাত্রীদের জন্য বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত থিসিস সুপারভাইসর হিসেবে দায়িত্ব পালন করে থাকেন। গবেষণা প্রতিষ্ঠানে যেসব থিসিস করানো হচ্ছে তা বেশ উন্নতমানের। জাতীয় স্বার্থে বিদেশ প্রশিক্ষণ নীতিমালায় সরকার ইতিপূর্বে কয়েকবার পরিবর্তন, পরিবর্ধন, স্থগিত ও পুনর্বহাল করেছেন। বাংলাদেশ সরকারের এতে কোন অর্থ খরচ লাগে না। তাই বিদেশী সংস্থার অনুদানে উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টিতে উদার বা সমনীতি অনুসরণপূর্বক শিক্ষক ও গবেষকদের সর্বোচ্চ বয়ঃসীমা নির্ধারণের ক্ষেত্রে কোন বৈষম্য না রেখে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দের ন্যায় গবেষণা প্রতিষ্ঠানের গবেষক বা বিজ্ঞানীদের বয়স ৩৫ বছর থেকে বাড়িয়ে ৪০ বছর করার জন্য সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষ সমীপে অনুরোধ জানাচ্ছি।

—মোঃ আবদুল মতিন,
তথ্য সম্পাদক
বাংলাদেশ কৃষিতত্ত্ব সমিতি
গাজীপুর।